দৈনিক সংবাদ

তারিখ .. 10 JUL 1993
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৪ ...

১৩

# কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ১৫ দফা বাস্তবায়নের আহ্বান

বাংলাদেশ কলেজ–বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কেন্দ্রীয় কমিটি শিক্ষকদের ১৫ দফা দাবি বাস্তবায়নের আহ্বান জানিয়েছে।

সংগঠনের সভাপতি ডঃ ম আক্তারুজ্জামানের সভাপতিত্বে গতকাল শুক্রবার ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি'তে অনুষ্ঠিত সভায় কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক শফিউল আলম বিস্তারিত রিপোর্ট উত্থাপন করেন।

সভায় দেশের বিভিন্ন জেলার শিক্ষা প্রতিষ্ঠানে এইচএসসি পরীক্ষার নকল প্রতিরোধে যেসব শিক্ষক আহত ও নিগৃহীত হয়েছেন তাদের প্রতি সমবেদনা জ্ঞাপন করা হয় এবং হামলাকারী নকলবাজ সন্ত্রাসীদের শাস্তির দাবি করা হয়।

সভায় অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক–কর্মচারীদের বেতন-ভাতা অনুমোদন প্রাপ্তির তারিখ থেকে প্রদান করার দাবি জানানো হয়। সরকারী কলেজ শিক্ষকদের ন্যায্য দাবি মেনে নেয়ার আহ্বান জানানো হয়।

সভায় কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে বক্তব্য রাখেন, অধ্যাপক যতীন সরকার, অধ্যাপক শহীদুল ইসলাম; অধ্যাপক গোলাম মহিউদ্দিন, ডঃ তাজুল ইসলাম, এ, এন রাশেদা, নিরঞ্জন অধিকারী, ডঃ শহীদ উদ্দিন, ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী, হোসনেআরা বেগম, মনির হোসেন, মোহাম্মদ জাহাঙ্গীর, অধ্যক্ষ মোখলেসুর রহমান, মাহবুবুল আলম, ইয়াকুব আলী, মেহের মকবুলা প্রমুখ। খবর সংবাদ বিজ্ঞপ্তির।